



नेपाल सरकार

शिक्षण विभाग, काठमाडौं

Job Category: Administration/General
Management

Job Source: [www.moe.gov.np](#)

Job Summary

Posted On: 5 Nov 2024

Application Deadline: 24 Nov 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।
www.akhaura.brahmanbaria.gov.bd

নম্বর : ০৫.৪২.১২১৩.০০০.৯৯.০০৯.২৪-৬১০

তারিখ: ০৩/১১/২০২৪ খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী “প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প” এর অধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম আখাউড়া উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে (<http://akhaura.brahmanbaria.gov.bd/>) থেকে ডাউনলোড করা যাবে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১.	পেশ ইমাম	০১ (এক)	১৫০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর কমিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণামূলী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী :

- (১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- (২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (গ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (৩) আবেদনপত্র আগামী ২৪/১১/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। খামের উপর স্পষ্টভাবে পদের নাম লিখতে হবে।
- (৪) আবেদনকারীর বয়স ২৪/১১/২০২৪ খ্রি: তারিখে উক্ত পদের জন্য অনুর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে (সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী)। অসম্পূর্ণ/ক্রটিযুক্ত আবেদন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (৫) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সনদ তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।
- (৬) কোন প্রার্থী আখাউড়া উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর পুনরায় উক্ত পদে আবেদন করলে তাহলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে। অন্যথায় তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৭) প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার চিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৮) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে।
- (৯) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ১০০০ (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) যে কোন তফসিলীভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে দাখিল করতে হবে।
- (১০) এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকুরীতে/সরকারের লাভজনক পদে নিয়োজিত কেউ আবেদন করতে পারবে না।
- (১১) কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১২) প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- (১৩) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- (১৪) আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগপ্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৩/১১/২০২৪

গাজালা পারভীন রিশি
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক
সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।

ই-মেইল - unoakhaura@mopa.gov.bd